বিষয় কোড | ১ | ২ | ৯ |

## বিষয় ঃ পরিসংখ্যান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান—৫০

[বি. দ্র. প্রত্যেক বিভাগ হতে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও ]

### ক-বিভাগ (সাধারণ ধারণা ও প্রাথমিক পরিসংখ্যানিক পরিমাপ)

১. ▶ পরিসংখ্যানের 30 জন ছাত্রের নম্বর নিম্নরূপ :

| প্রাপ্ত নম্বর | 15 | 25 | 40 | 55 | 70 | 85 |
|---|---|---|---|---|---|---|
| ছাত্র সংখ্যা | 5 | 4 | 10 | 6 | 2 | 3 |

প্রাপ্ত নম্বরের চলক $x_i$ ও ছাত্রসংখ্যা $f_i$ হলে সিমান্ত বলল $\sum f_i x_i^2$ এবং $\sum f_i(x_i + 25)$-এর মধ্যে কোন পার্থক্য নেই।

ক. পরিমাপন স্কেল কাকে বলে? ১

খ. পরীক্ষায় প্রাপ্ত নম্বর কোন ধরনের চলক? ব্যাখ্যা করো ২

গ. প্রত্যেকটি নম্বর থেকে 10 বিয়োগ করে 5 দ্বারা ভাগ করলে প্রাপ্ত নম্বরের সমষ্টি কত? ৩

ঘ. সিমান্তের মন্তব্যের সঠিকতা যাচাই করো। ৪

২. ▶ নিম্নে কিছু তথ্য দেওয়া হলো—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 170 | 181 | 184 | 175 | 177 | 123 | 167 | 177 | 145 | 153 |
| 132 | 141 | 178 | 140 | 186 | 162 | 152 | 174 | 161 | 158 |
| 148 | 164 | 160 | 132 | 140 | 148 | 135 | 158 | 139 | 133 |

ক. তথ্য কাকে বলে? ১

খ. আয়তলেখ ও দণ্ডচিত্রের মধ্যে প্রধান পার্থক্য কী? ২

গ. শ্রেণিবন্ধকরণের ভিত্তিগুলো আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের সাহায্যে শ্রেণি, ট্যালিচিহ্ন, গণসংখ্যা, ক্রমযোজিত গণসংখ্যা, গণসংখ্যার ঘনত্ব ও শতকরা গণসংখ্যা শিরোনামে গণসংখ্যা নিবেশন প্রস্তুত করো। ৪

৩. ▶ একটি ধারার মানগুলি নিম্নরূপ :

9, 19, 29, ................, 299.

ক. জ্যামিতিক গড় কাকে বলে? ১

খ. কখন জ্যামিতিক গড় ও তরঙ্গ গড় নির্ণয় করা যায় না— ব্যাখ্যা করো। ২

গ. লেখের সাহায্যে কিভাবে মধ্যমা ও প্রচুরক নির্ণয় করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মূল ও মাপনী ব্যবহার করে উদ্দীপকের মানগুলোর গাণিতিক গড় নির্ণয় করো। ৪

৪. ▶ 15 সদস্যের একটি নমুনার গড় ও পরিমিত ব্যবধান যথাক্রমে 10 ও 2.5। পরে 24 মানের আরও 1টি সদস্য নমুনায় অন্তর্ভুক্ত করা হলো।

ক. বিস্তার কাকে বলে? ১

খ. পরিমিত ব্যবধান কোন অবস্থায় সর্বনিম্ন মান গ্রহণ করে— ব্যাখ্যা করো। ২

গ. গড় ব্যবধানের উপর মূল ও মাপনীর প্রভাব পরীক্ষা করো। ৩

ঘ. উদ্দীপকের 16 সদস্যবিশিষ্ট নমুনার পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৪

http://teachingbd.com

## খ-বিভাগ (পরিসংখ্যানিক পরিমাপ ও ফলিত পরিসংখ্যান)

৫. ▶ কোন নিবেশনের 4 হতে মাপা ১ম চারটি পরিঘাত যথাক্রমে — 1, 5, 17 এবং 108 ।

ক. পরিঘাত কাকে বলে? ১

খ. পরিঘাত ঋণাত্মক হতে পারে না— ব্যাখ্যা করো। ২

গ. পাঁচসংখ্যা সারের ব্যবহার লিখ। ৩

ঘ. উদ্দীপকের নিবেশনে বঙ্কিমতা ও সূঁচলতা সম্পর্কে মন্তব্য করো ৪

৬. ▶ নিম্নে 8 জোড়া তথ্য দেওয়া হলো —

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| x | 2 | 5 | 7 | 4 | 9 | 8 | 3 | 6 |
| y | 5 | 3 | 4 | 9 | 4 | 7 | 6 | 2 |

ক. সহজ ক্রম সংশ্লেষ কাকে বলে? ১

খ. দুটি স্বাধীন চলকের সংশ্লেষাংক শূন্য— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্যগুলোর স্পিয়ারম্যানের ক্রম সংশ্লেষাংক নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের কার্ল পিয়ারসনের সংশ্লেষাংক নির্ণয় কর এবং মন্তব্য করো। ৪

৭. ▶ একটি ফার্মের বিক্রয় ও বিজ্ঞাপন খরচ দেওয়া হলো—

| | বিক্রয় (লক্ষ টাকা) | বিজ্ঞাপন খরচ (লক্ষ টাকা) |
|---|---|---|
| গড় | 35 | 5 |
| পরিমিত ব্যবধান | 8 | 10 |

কার্ল পিয়ারসনের সংশ্লেষাঙ্ক, $r = 0.9$

ক. নির্ভরাংক কাকে বলে? ১

খ. নির্ভরাংক কী একক বিহীন সংখ্যা? ব্যাখ্যা করো। ২

গ. ফার্মের বিক্রয় ও বিজ্ঞাপন খরচের মধ্যে সহভেদাংক নির্ণয় করো। ৩

ঘ. বিজ্ঞাপন খরচের উপর বিক্রয়ের নির্ভরণ রেখা নিরূপণ কর এবং বিজ্ঞাপন খরচ 7 লক্ষ টাকা হলে সম্ভাব্য বিক্রয় নির্ণয় করো। ৪

৮. ▶ নিম্নের সারণিতে একটি কোম্পানির উৎপাদনের পরিমাণ (হাজার মেট্রিক টন) দেওয়া হলো :

| বছর | 2001 | 2002 | 2003 | 2004 | 2005 | 2006 |
|---|---|---|---|---|---|---|
| উৎপাদন (হাজার মেট্রিক টন) | 45 | 40 | 55 | 48 | 58 | 60 |

ক. বাংলাদেশের প্রকাশিত পরিসংখ্যান বলতে কী বুঝ? ১

খ. বাংলাদেশের বেসরকারি পরিসংখ্যানের উৎসসমূহের নাম উল্লেখ করো। ২

গ. মুক্ত হস্ত পদ্ধতিতে প্রদত্ত তথ্য সারির সাধারণ ধারা নির্ণয় করো। ৩

ঘ. 2007 সালের সম্ভাব্য উৎপাদন আধা গড় পদ্ধতিতে নির্ণয় করো। ৪

**উত্তরমালা**

১. গ. 200
৩. ঘ. 154
৪. ঘ. 4.16
৫. ঘ. ধনাত্মক বঙ্কিম ও অতি সূচঁল
৬. গ. – 0.21 ; ঘ. – 0.23
৭. গ. 72 ; ঘ. $y = 31.4 + 0.72x$; 504031.4 টাকা
৮. ঘ. 67 হাজার মেট্রিক টন (প্রায়)

Teachingbd.com

বিষয় ঃ পরিসংখ্যান ১ম পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড | ১ | ২ | ৯ |

সময় ঃ ২৫ মিনিট পূর্ণমান—২৫

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. পরিসংখ্যান শব্দের প্রবর্তক কে?

ⓚ ডব্লিও আই কিং ⓚ বাউলি
ⓖ মহলানবিশ ⓖ ফিশার

২. বয়স কোন ধরনের পরিমাপন?

ⓚ নামসূচক
ⓚ ক্রমিকসূচক
ⓖ শ্রেণিসূচক
ⓖ অনুপাতসূচক

৩. $\sum f_i x_i = 50, \sum f_i x_i^2 = 200, \sum f_i = 20$ হলে $\sum f_i(x_i - 5)^2 =$ কত?

ⓚ 200 ⓚ 300
ⓖ 400 ⓖ 500

৪. প্রকৃত শ্রেণিসীমা নির্ণয়ের প্রয়োজন হয়—

i. গণসংখ্যা বহুভুজ অংকনের জন্য
ii. অজিভ রেখা অংকনের জন্য
iii. আয়তলেখ অংকনের জন্য

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৫. শাখা ও পত্রকের ক্ষেত্রে সাজানো যায়—

i. মানের উচ্চক্রম অনুসারে
ii. মানের নিম্নক্রম অনুসারে
iii. এলোমেলোভাবে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬. –2, –3, 0, –1, 7 তথ্যসারির মধ্যমা কত?

ⓚ –1 ⓚ 0
ⓖ 2.5 ⓖ 7

৭. খোলা শ্রেণির নিবেশনের ক্ষেত্রে কেন্দ্রিয় মান নির্ণয়ে প্রয়োজন—

ⓚ গাণিতিক গড় ⓚ জ্যামিতিক গড়
ⓖ তরঙ্গ গড় ⓖ প্রচুরক

৮. তরঙ্গ গড় ব্যবহৃত হয়—

i. গড় গতিবেগ নির্ণয়ে
ii. তথ্য সারির ছোট মানকে গুরুত্ব দিতে
iii. সূচক সংখ্যা নির্ণয়ে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

নিচের তথ্যের আলোকে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:

মি. রহমান মোটর সাইকেলে 15 কি.মি. পথ 60 কি.মি./ঘণ্টা বেগে যায় এবং 90 কি.মি./ঘণ্টা বেগে ফিরে আসে।

৯. মি. রহমানের গড় বেগ নির্ণয়ের সঠিক পদ্ধতি কোনটি?

ⓚ গাণিতিক গড়
ⓚ জ্যামিতিক গড়
ⓖ তরঙ্গ গড়
ⓖ ভারযুক্ত গাণিতিক গড়

১০. মি. রহমানের গড় বেগ কত?

ⓚ 64 ⓚ 72
ⓖ 73.48 ⓖ 75

১১. –2 ও 2 সংখ্যা দুটির গড় ব্যবধান কত?

ⓚ –2 ⓚ 0
ⓖ 2 ⓖ 4

১২. কোনটি মূল ও মাপনীর উপর নির্ভর করে?

ⓚ পরিসর
ⓚ গড় ব্যবধান
ⓖ ভেদাংক
ⓖ বিভেদাংক

১৩. প্রথম n সংখ্যক বিজোড় সংখ্যার ভেদাংক 85 হলে n-এর মান কত?

ⓚ 15 ⓚ 16
ⓖ 17 ⓖ 18

http://teachingbd.com

১৪. **কোন পরিমাপটি একক মুক্ত?**

ক $b_{yx}$ খ $\beta_1$

গ $\frac{Q_3 - Q_1}{2}$ ঘ $\mu_4$

১৫. **কোন নিবেশনের গড় 60, প্রচুরক 50 এবং পরিমিত ব্যবধান 5 হলে বঙ্কিমতাংক কত?**

ক 1 খ 2

গ 3 ঘ 4

১৬. **একটি মধ্যম সূঁচল নিবেশনের ৪র্থ কেন্দ্রিয় পরিঘাত 75 এবং গড় 25 হলে—**

i σ এর মান $\sqrt{5}$

ii. বিভেদাংক $4\sqrt{5}$

iii. $\sigma^2$ এর মান 25

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii

খ i ও iii

গ ii ও iii

ঘ i, ii ও iii

১৭. **মূলবিন্দুর সাপেক্ষে নির্ণীত পরিঘাতসমূহকে কী বলে?**

ক ৩য় পরিঘাত

খ ৪র্থ পরিঘাত

গ অশোধিত পরিঘাত

ঘ শোধিত পরিঘাত

**নিচের তথ্যের আলোকে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

একজন কৃষক তার চাষাবাদে উৎপাদন বিষয়ে খেয়াল করলো সারের পরিমাণ বৃদ্ধিতে উৎপাদন বেশি হয়।

১৮. **কোন দুটি দ্বিচলক হিসেবে কাজ করে?**

ক কৃষক ও ক্ষেত


খ কৃষক ও উৎপাদন


গ সারের পরিমাণ ও উৎপাদন


ঘ কৃষক ও সারের পরিমাণ

১৯. **চলক দুটির লেখচিত্র কীরূপ হতে পারে?**

ক 

খ 

গ 

ঘ 

২০. **y + 3x = 0 হলে x ও y এর মধ্যে সংশ্লেষাংক কোনটি?**

ক পূর্ণ ধনাত্মক খ পূর্ণ ঋণাত্মক

গ আংশিক ধনাত্মক ঘ আংশিক ঋণাত্মক

২১. **5x – 7y + 4 = 0 সমীকরণের নির্ভরাংক $b_{yx}$ এর মান কত?**

ক $\frac{4}{5}$ খ $\frac{5}{4}$

গ $\frac{5}{7}$ ঘ $\frac{7}{5}$

২২. **ভূমিকম্প কালীন সারির কোন ধরনের উপাদান?**

ক সাধারণ ধারা খ ঋতুগত ভেদ

গ চক্রাকার ভেদ ঘ অনিয়মিত ভেদ

২৩. **কালীন রেখা—**

i. নিম্নগামী হতে পারে

ii. ঊর্ধ্বগামী হতে পারে

iii. সমান্তরাল হতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **'ব্যানবেইস' কোন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান?**

ক শিক্ষা

খ প্রতিরক্ষা দপ্তর

গ শিল্প ও বাণিজ্য

ঘ অর্থ ও পরিকল্পনা দপ্তর

২৫. **পরবর্তী আদমশুমারি কত সালে অনুষ্ঠিত হবে?**

ক 2017 খ 2020

গ 2021 ঘ 2023

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ |
| | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | | |

Teachingbd.com